১১ আগস্ট, ২০২৫

# ঘুঘুদের থেকে সাবধান, ঐক্যবদ্ধ থাকুন: নেতাকর্মীদের প্রতি তারেক রহমানের বার্তা



বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান: সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, দীর্ঘ আন্দোলন ও সংগ্রামের মধ্য দিয়ে দলের প্রথম পর্ব শেষ হয়েছে। এখন ভোটের মাধ্যমে শুরু হবে দ্বিতীয় অধ্যায়, তবে তার আগে জনগণের ভোটাধিকার নিশ্চিত করা অত্যন্ত জরুরি। এই অধিকার যাতে বাস্তবায়িত না হয়, তা ঠেকাতে বিভিন্ন জায়গায় ষড়যন্ত্র চলছে বলে তিনি অভিযোগ করেন।

সোমবার নওগাঁ জেলা বিএনপির দ্বিবার্ষিক সম্মেলনে ভিডিও বার্তায় তিনি বলেন, সাম্প্রতিক সংস্কার নিয়ে এখন অনেক আলোচনা হলেও বিএনপি দুই আড়াই বছর আগে ৩১ দফা প্রস্তাবের মাধ্যমে সেই সংস্কারের রূপরেখা দিয়েছে। গত এক দশকেরও বেশি সময় জনগণের দাবি আদায়ে বিএনপি রাজপথে ছিল—এ সময়ে অসংখ্য নেতাকর্মী গুম, খুন ও নির্যাতনের শিকার হয়েছেন।

তিনি আশা প্রকাশ করেন, অন্তর্বর্তীকালীন সরকারের ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী রমজানের আগেই বহুল প্রত্যাশিত জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে এই নির্বাচন হবে চ্যালেঞ্জিং—এক বছর আগেই দলীয় নেতাকর্মীদের তিনি এ সতর্কবার্তা দিয়েছিলেন বলেও স্মরণ করিয়ে দেন।

নেতাকর্মীদের উদ্দেশে তারেক রহমান বলেন, “জনগণের প্রত্যাশা ভঙ্গ হয় এমন কোনো কাজ করা যাবে না। দলের ক্ষতি করে এমন পদক্ষেপ থেকে বিরত থাকতে হবে। ‘ঘুঘুদের’ থেকে সাবধান থাকতে হবে—এরা আসবে, সুনাম নষ্ট করবে এবং দুঃসময়ে পালিয়ে যাবে। যাতে তারা দলে ঢুকতে না পারে, সে বিষয়ে কঠোর নজরদারি রাখতে হবে।”

তিনি আরও আহ্বান জানান, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে বিশ্বাসী প্রতিটি কর্মী যেন আপন ভাইবোনের মতো ঐক্যবদ্ধ থাকেন।